

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
৪৫০, জিএল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।
[মূসক শাখা]
www.rangpurvat.gov.bd

অনলাইনে ভ্যাট রেজিস্ট্রেশনের জন্য
ডিজিট করুন www.vat.gov.bd

নথি নং-০৮.০১.৮৫০০.২০৭.৪৯.০০১.২২/ ২০৫০(৩০)

তারিখ ৬০/০৫/২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণার পূর্বে ও পরে পালনীয় নির্দেশনা।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৮/১৩৩, তারিখ-২৫/০৫/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণার পূর্বে ও পরে পালনীয় নির্দেশনা প্রদান করেছে। নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

সংযুক্তি- ০১ (এক) পাতা।

প্রাপক:

১। বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ
রংপুর/দিনাজপুর/নীলফামারী/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/পঞ্চগড়/ঠাকুরগাঁও।

২। সহকারী/উপ সহকারী কমিশনার

স্থল শুল্ক স্টেশন (সকল)।

৩। রাজস্ব কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল (সকল)।

স্বাক্ষর

(সুরেশ চন্দ্র বিশ্বাস)

কমিশনার

ফোন: ০২৫৮৯৯৬৪১১১

cavrangcom@yahoo.com

কর্তৃপক্ষ, এগ্রাইজ ও টাউ কমিশনারেট রংপুর।	
কমিশনার	মুখ্য কমিশনার
পূর্ব কমিশনার	স্বাক্ষরী প্রোগ্রামার
নপ্রশাসন	গোপনীয়
সকল বাস্তবায়ন	মূল্য প্র. ও পুরস্কার
স্মার্ট ও টাউ অন	আইটি (VIS সহ)
পরিসংখ্যান	হিসাব ও বাজেট
বস্ত	লাইসেন্স
কার্ভাস ও PCA	নিলাম ব্যবস্থাপনা
স্বাধারণ	পূর্ত অবকাঠামো
আইন ও বিচার	অডিট
বকেয়া ও বিদ্যুত	মাস্ত: বানিজ্য ও কৃষ্টি
চক্রে নং-	

২০২৩-২০২৪
২০২৩-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট এফ-১/এ, আগারগাঁও,
শের-ই-বাংলানগর, ঢাকা।

ই-মেইল/জিইপি
জরুরী বিবেচ্য

[মুসক নীতি অনুবিভাগ]

তারিখ: ২৩/৭/২০২৩

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৮/১৬৬

তারিখ: ২৫ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণার পূর্বে ও পরে পালনীয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ, বৃহস্পতিবার বিকাল ৩:০০ টায় মাননীয় অর্থমন্ত্রী মহান জাতীয় সংসদে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় বাজেট পেশ করবেন। বাজেট পেশের পূর্বে এবং পরে মাঠ পর্যায়ের সকল কমিশনারেট, সকল বিভাগীয় দপ্তর ও সার্কেল দপ্তরের করণীয় বিষয়াদি সম্পর্কে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো:

- (১) মূল্য সংযোজন কর (মুসক) কর্মকর্তাগণ বাজেট ঘোষণার পূর্ববর্তী দিন অর্থাৎ ৩১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কমিশনারেটের আওতাধীন সম্পূরক শুল্ক আরোপযোগ্য (সম্ভাব্য) সকল করদাতা, পণ্য সরবরাহকারীর প্রাঙ্গণ পরিদর্শন এবং পণ্যের সমাপণী স্থিতি বিষয়ে সংশ্লিষ্ট রেজিস্টারে প্রত্যয়ন ও দস্তখত করবেন;
- (২) বাজেট পেশের পূর্ববর্তী দিন মুসক ও সম্পূরক শুল্ক প্রদানকারী বিভিন্ন ইউনিটের ক্রয় ও বিক্রয় রেজিস্টারসমূহের সর্বশেষ সরবরাহের/খালাসের নীচে লাল কালি দ্বারা রেখা টেনে তারিখ ও সময় উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন;
- (৩) বাজেট পেশকালে বাজেটের বিভিন্ন প্রস্তাবনা বাজেট সংক্রান্ত দলিলাদি প্রাপ্তির পূর্বেই বাজেটে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য সদর দপ্তর, সকল বিভাগ ও সার্কেলের সকল কর্মকর্তা/কর্মচারীদের স্ব-স্ব নির্ধারিত পোশাক পরিহিত অবস্থায় নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- (৪) বাজেট পেশের পর পরই তাৎক্ষণিকভাবে বাজেটে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাজেটের নির্দেশনা সঠিকভাবে অনুধাবন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- (৫) সদর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে বাজেট পেশের সময় সদর দপ্তরের সম্মেলন কক্ষে বাজেট পেশ শেষ না হওয়া পর্যন্ত উপস্থিত থাকতে হবে;
- (৬) বাজেট পেশকালে মাননীয় অর্থমন্ত্রীর ঘোষণা অনুসরণ করে যেসব পণ্য/সেবার ক্ষেত্রে মুসক/সম্পূরক শুল্ক নতুনভাবে আরোপ বা মুসক হার বৃদ্ধি অথবা সম্পূরক শুল্ক বৃদ্ধির প্রস্তাব করা হবে, সেসব পণ্য উৎপাদনকারী বা সেবা প্রতিষ্ঠান সনাক্তকরণপূর্বক তাদের সরবরাহযোগ্য/খালাসযোগ্য পণ্য বা সেবার প্রকৃত মজুদের হিসাব গ্রহণ করতে হবে। রাজস্ব ফাঁকির কোন সম্ভাবনা থাকলে সুনির্দিষ্ট পণ্যাগারকে সীলমোহরকৃত অবস্থায় রাখার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তবে পরবর্তী কর্মদিবসের মধ্যেই মজুদ গণনা সম্পন্ন নিশ্চিত করতে হবে;
- (৭) বাজেট পেশের দিন কোন পণ্য খালাস বা সেবা প্রদান করা হলে বাজেটে প্রস্তাবিত হারে সম্পূরক শুল্ক ও মুসক প্রদেয় হবে;

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১-৩। সদস্য (মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। মহা পরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে ওয়েব সাইটে আপলোডকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬-৭। প্রথম সচিব (মুসক বাস্তবায়ন)/(মুসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

Rahman
২০/০৮/২৩

[কাজী রেজাউল হাসান]
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)
ই-মেইল: vatpolicy@gmail.com